ঝিনাইদহে ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ ঘোষণার বাস্তবায়নের দাবিতে মানববন্ধন

ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ ঘোষণার বাস্তবায়নের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

রোববার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচীর আয়োজন করে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট আন্দোলন বাস্তবায়ন কমিটি।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির জেলা শাখার নেতৃবৃন্দসহ বিভিন্ন উপজেলা থেকে আসা শিক্ষকরা অংশ নেয়। সেসময় সংগঠনটির জেলা শাখার আহ্বায়ক আনোয়ার হোসেন, সদস্য সচিব ফাতিমা ফারহানাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

মানববন্ধনে অংশগ্রহণকারীরা জানান, গত ২৮ জানুয়ারি ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকদের দ্রুত জাতীয়করণ করা হবে বলে আশ্বাস দেওয়া হলেও তা এখনো বাস্তবায়ন হয়নি। সরকারের দেওয়া সেই প্রতিশ্রুতি বাস্তবায়িত না হওয়ায় শিক্ষকরা হতাশ ও ক্ষুব্ধ। বক্তারা দ্রুত জাতীয়করণের ঘোষণার বাস্তবায়ন না হলে ভবিষ্যতে আরও বৃহত্তর কর্মসূচির হুঁশিয়ারি দেন।

কুষ্টিয়ায় ৬ দফা দাবিতে পলিটেকনিক শিক্ষার্থীদের সড়ক অবরোধ

ছয় দফা দাবিতে কুষ্টিয়ায় সড়ক অবরোধ করে বিক্ষোভ কর্মসূচি পালন করছেন কুষ্টিয়া পলিটেকনিকের শিক্ষার্থীরা।

বুধবার (১৬ এপ্রিল) সকাল সাড়ে ১১টার দিকে তারা শহরের মজমপুর মোড়ে সড়ক অবরোধ করে। অবরোধে পলিটেকনিক ইনস্টিটিউটের শতশত শিক্ষার্থীরা অংশ নিয়েছেন। শিক্ষার্থীদের অবরোধের কারণে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। অবরোধের কারণে যানজট সৃষ্টি হয়। এতে সড়কে চলাচলকারী মানুষ পড়েছেন সীমাহীন দুর্ভোগে।

শিক্ষার্থীরা বলেন, আমরা ছয় দফা দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছি। আগেও আমরা একই দাবিতে একাধিকবার কর্মসূচি পালন করেছি।

তবে আমাদের দাবি মানা হচ্ছে না। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আমরা বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করছি। আমাদের দাবি না মানা হলে আগামীতে কঠোর আন্দোলন কর্মসূচিতে যাবো আমরা।

মেহেরপুরে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে ব্যবসায়ীদের প্রতিবাদ

মেহেরপুরে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রেখে প্রতিবাদ জানিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা।

শনিবার দুপুরে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের মাঠে মেলার প্রস্তুতি চলাকালে ব্যবসায়ীরা সেখানে উপস্থিত হয়ে প্রতিবাদ জানান।
পরে তাঁরা নিজ নিজ ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রেখে অবস্থান কর্মসূচি পালন করেন। এ সময় বড়বাজারের ৪ রাস্তার মোড়ে রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করতে দেখা যায়।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ও সেনাবাহিনী উপস্থিত হয়। পরে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম এবং বাংলাদেশ সেনাবাহিনীর ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির ক্যাপ্টেন রওশন ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেন এবং বক্তব্য রাখেন।

উল্লেখ্য, প্রাথমিকভাবে মেহেরপুর স্টেডিয়াম মাঠে বাণিজ্য মেলা আয়োজনের সিদ্ধান্ত ছিল। তবে খেলার মাঠে মেলা আয়োজনের প্রতিবাদে

খেলোয়াড়দের মানববন্ধনের পর স্থান পরিবর্তন করে সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে মেলার প্রস্তুতি নেওয়া হয়।

শনিবার সকাল থেকে মাঠ প্রস্তুতের কাজ চলছিল। তখনই মেহেরপুর বড়বাজার ব্যবসায়ী সমিতির সদস্যরা সেখানে গিয়ে অবস্থান নিয়ে মেলা বন্ধের দাবি জানিয়ে প্রতিবাদ কর্মসূচি পালন করেন।

চঞ্চলের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মেহেরপুরে মানববন্ধন

ইসলাম, মুসলিম, ঈমান ও ফিলিস্তিন নিয়ে কটুক্তির প্রতিবাদে চঞ্চল মাহমুদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছে মেহেরপুর জেলার তৌহিদী জনতা।

বুধবার (৯ এপ্রিল) সকাল ১০টার দিকে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলার তৌহিদী জনতার ব্যানারে এ কর্মসূচির আয়োজন করা হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, অভিযুক্ত ব্যক্তি বর্তমানে গ্রেপ্তার অবস্থায় রয়েছে যার জন্য প্রশাসনের তাৎক্ষণিক পদক্ষেপে আমরা কৃতজ্ঞ। তবে এত বড় অপরাধের জন্য শুধু গ্রেপ্তারই যথেষ্ট নয়। আমরা চাই, তার বিরুদ্ধে যথাযথ আইনি প্রক্রিয়ায় দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হোক, যাতে ভবিষ্যতে কেউ এমন ধৃষ্টতা করার সাহস না পায়।

তারা আরও বলেন, ইসলাম ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত নাস্তিক চঞ্চল মাহমুদকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড দেওয়া হোক।

মানববন্ধনে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা খেলাফত মজলিশের সভাপতি মুফতি হুসাইন আহমাদ, সেক্রেটারি মুফতি মিনারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি মাহবুবুর রহমান, কুতুবপুর ইউনিয়নের শৈলমারি ২নং ওয়ার্ডের সভাপতি মো. খায়রুল ইসলাম, জেলা নাগরিক কমিটির সদস্য হাসনাতসহ স্থানীয় তৌহিদী জনতা।

মেহেরপুর স্টেডিয়াম মাঠে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে মানববন্ধন

মেহেরপুর জেলা স্টেডিয়াম মাঠে বাণিজ্য মেলা বন্ধের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

সোমবার (৮ মার্চ) বেলা ১১ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। পরে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মানববন্ধনে মেহেরপুর জেলা স্টেডিয়ামে বাণিজ্যমেলা বন্ধের দাবি জানানো হয়।

তারা বলেন, দীর্ঘদিন মেহেরপুরে খেলাধুলা বন্ধ রয়েছে, মেহেরপুর শহরে খেলার জায়গা নাই স্টেডিয়ামে মেলা হলে খেলোয়াররা খেলার জায়গা পাবে না। খেলার মাঠ বাদে অন্য কোথাও মেলা স্থানান্তর করার দাবি জানান তারা।

সেখানে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য এ এস লিটন, আমিরুল ইসলাম অলডাম, মাসুদুল ইসলাম প্রমূখ।

এই সময় জেলার সাবেক ও বর্তমান খেলোয়াড়রা এবং ক্রীড়া প্রেমী মানুষরা সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপি’র আহবায়কসহ তিন নেতার বহিষ্কার দাবি

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু ও যুবদল নেতা আব্দাল হোসেনকে দল থেকে বহিষ্কার দাবি করেছেন রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম।

চাঁদপুর গ্রামে আওয়ামী লীগের ইফতার মাহফিলে সহযোগিতা করেছেন এমন অভিযোগ তুলে আজ মঙ্গলবার বিকালে রায়পুর ইউনিয়নের কড়ুইগাছি গ্রামে এক প্রতিবাদ সভায় তিনি বিএনপি’র এই তিন নেতার বহিষ্কার দাবি করেন।

তিনি আরো বলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মিল্টন রায়পুর ইউনিয়নের দু’জনকে কমিটি গঠনের দায়িত্ব দিয়েছে। তারা যেখানে কমিটি গঠন করতে যাচ্ছে সেখানেই মারধর খেয়ে পুলিশের সহযোগিতায় বাড়ি ফিরছে।

তিনি আরও অভিযোগ করে বলেন, প্রত্যেকটা ওয়ার্ড কমিটিতে আওয়ামী লীগের লোকজনকে পদ দেওয়া হচ্ছে। বঞ্চিত করা হচ্ছে ত্যাগী নেতাদের।

তিনি আরও বলেন, আব্দাল হক যুবদল কর্মী হলেও তাকে বিএনপি’র মত বড় দলের কমিটি গঠনের দায়িত্ব দেয়া হয়েছে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

কড়ুইগাছি গ্রামের বিএনপি নেতা আমিরুল হক আমুলের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, রায়পুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম, ইউনিয়ন বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম জাকারিয়া, বিএনপি নেতা আনারুল ইসলাম, শালদহ গ্রাম বিএনপি’র সাবেক সভাপতি রেজাউল হক ঝুনুসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৫ দফা দাবিতে মউশিক শিক্ষকদের মানববন্ধন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) প্রকল্পের জনবল রাজস্বকরণ ও আউটসোর্সিং বাতিলসহ পাঁচ দফা দাবিতে মেহেরপুরে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১১টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের কর্মকর্তা- কর্মচারী ও শিক্ষক-কেয়ারটেকার ঐক্য পরিষদ এই মানববন্ধনের আয়োজন করে। মানববন্ধন শেষে পাঁচ দফা দাবি সংবলিত একটি স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টার বরাবর প্রদান করা হয়।

মানববন্ধনে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা আবুল হাশেম। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক হযরত মাওলানা রুহুল আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবায়দুর রহমান, সুপারভাইজার আমানুল্লাহ ও মাস্টার ট্রেইনার মাওলানা আব্দুল হামিদ।

ফিল্ড সুপারভাইজার মুহাম্মদ তাওহীদুল ইসলামের সঞ্চালনায় মানববন্ধনে আরও বক্তব্য রাখেন কাজীপুর ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা মাজহারুল ইসলাম, বামন্দী ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা সিরাজুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি মাওলানা আওলাদ হোসেন, আমঝুপি ইউনিয়ন শিক্ষক সমিতির সভাপতি হাফেজ মাওলানা ওমর ফারুক, মেহেরপুর সদর উপজেলা শিক্ষক সমিতির মাওলানা শাহজাহান কবীর সজল, মুজিবনগর উপজেলা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা সাইফুল ইসলাম ও গাংনী উপজেলা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা আব্দুল হক।

শিক্ষকদের দাবি ও আন্দোলনের কারণ মানববন্ধনে অংশ নেওয়া শিক্ষকরা জানান, এই প্রকল্পটি দীর্ঘদিন ধরে সফলভাবে পরিচালিত হয়েছে এবং শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা, কোরআন শিক্ষা ও নৈতিক মূল্যবোধ

গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। কিন্তু বর্তমানে প্রকল্পের অনুমোদন জটিলতায় পড়েছে এবং এটিকে আউটসোর্সিংয়ের আওতায় নেওয়ার পরিকল্পনা চলছে, যা শিক্ষকরা মেনে নেবেন না।

শিক্ষকরা আরও জানান, দীর্ঘদিন ধরে তাদের বেতন বকেয়া রয়েছে এবং ন্যায্য বেতন না পাওয়ায় তারা আর্থিক সংকটে ভুগছেন। তিন মাস ধরে বেতন-ভাতা বন্ধ রয়েছে, ফলে মাত্র ৫ হাজার টাকা সম্মানীতে তারা পরিবার পরিজন নিয়ে অতিকষ্টে জীবন যাপন করছেন। তারা দ্রুত প্রকল্প অনুমোদন ও বকেয়া বেতন পরিশোধের দাবি জানান।

শিক্ষকরা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, তাদের দাবি বাস্তবায়ন না হলে আগামীতে বৃহত্তর আন্দোলনের ডাক দেওয়া হবে।

এর আগে, জেলা শিল্পকলা একাডেমি থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়।

ইটভাটা চালু রাখার দাবিতে গাংনীতে স্মারকলিপি প্রদান

ইটভাটা চালু রাখার দাবিতে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টা এবং পরিবেশ, বন ও পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা বরাবর ম্মারকলিপি প্রদান করেছে গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতি।

মঙ্গলবার (৪ মার্চ) সকাল ১১টায় বিক্ষোভ মিছিল সহকারে গাংনী উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন ইটভাটার মালিক ও শ্রমিকরা অবস্থান নেন। এবং বিভিন্ন বক্তব্য তুলে ধরেন। এসময় ইটভাটার বিপুল পরিমাণ শ্রমিকরাও অংশ নেন।

বক্তব্য রাখেন গাংনী উপজেলা ইট ভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সাধারণ সম্পাদক আব্দুল খালেক, গাংনীর সাবেক এমপি ইটভাটা মালিক আমজাদ হোসেন, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ইটভাটা

মালিক জুলফিকার আলী ভূট্টো, বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ইটভাটা মালিক আওয়াল বিশ্বাস, ইটভাটা শ্রমিক আলফাজ উদ্দিন প্রমুখ।

তারা আরও বলেন, গাংনী উপজেলায় ৫৫টি ইটভাটায় রয়েছে। এই ইটভাটা গুলোতে হাজার-হাজার শ্রমিক কাজ করে জীবিকা নির্বাহ করছেন। এসব ইটভাটাগুলো প্রায় ৩৫-৪০ বছরের অধিক সময় ধরে চলমান রয়েছে। কিন্তু পরিবেশ অধিদপ্তর কর্তৃক ২০১৩ সালের পরিবেশ আইন অনুযায়ী অধিকাংশ ইটভাটাকে ছাড়পত্র প্রদান না করায় এবছর এসব ভাটাগুলোকে অবৈধ ঘোষণা করে। অথচ এই ভাটাগুলোর কাস্টমস ভ্যাট, আয়কর, বাণিজ্যিক হারে জমির খাজনা, ট্রেড লাইসেন্স বাবদ প্রতি বছর ৫-৬ লক্ষ টাকা অগ্রিম রাজস্ব দিয়ে আসছে। এছাড়াও ইটভাটা পরিচালনার অন্যান্য খাতের জন্য ব্যাংক ঋণ বা দায়দেনা রয়েছে। শ্রমিকদের অগ্রিম হিসেবে বড় অংকের টাকা প্রদান করা হয়েছে। এসময় ইটভাটাগুলো বন্ধ করলে ভাটা মালিকরা বড় ধরণের অর্থনৈতিক ঝুঁকিতে পড়বেন। এছাড়া ভাটায় কর্মরত শ্রমিকদের জীবন রজীবিকা ব্যাহত হয়ে পড়বে। এমতাবস্থায় ইটভাটাগুলো চলতি সৌসুম পর্যন্ত পরিচালনা করার সুযোগ দেবার জন্য প্রশাসনের কাছে অনুরোধ জানান বক্তারা।

পরে উপজেলা ইট ভাটা মালিক সমিতির নেতৃবৃন্দরা উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টা এবং পরিবেশ, বন ও পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা বরাবর একটি স্মারকলিপি প্রদান করেন।

উল্লেখ্য, পরিবেশ উপদেষ্টার ঘোষণার পর মেহেরপুরে জেলা প্রশাসনের প্রশাসনের অভিযানে বেশ কয়েকটি ভাটাতে জরিমানা আদায় ও ইটভাটাগুলো বন্ধের আদেশ দেন।

মেহেরপুর জেলায় ১০৮ টি ইটভাটা রয়েছে। কোনো ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেই। সবগুলোই অবৈধভাবে গড়ে উঠেছে।

মেহেরপুরে ইটভাটা চালু রাখার

দাবিতে স্মারকলিপি প্রদান

ইটভাটায় প্রশাসনের অভিযানের প্রতিবাদ এবং এসব ইটভাটা চালু রাখার দাবিতে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করেছে মেহেরপুর সদর উপজেলা ইট ভাটা মালিক সমিতি।

মঙ্গলবার (৪ মার্চ) বেলা সাড়ে ১২টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ে এই স্মারকলিপি প্রদান করা হয়। ইটভাটা মালিক সমিতির নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

মালিক সমিতির পক্ষ থেকে জানানো হয়, ইটভাটাগুলো এলাকার অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রশাসনের অভিযানের ফলে ব্যবসা বন্ধ হওয়ার শঙ্কা তৈরি হয়েছে, যা বহু শ্রমিকের জীবিকা হুমকির মুখে ফেলবে।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি এম এ নঈম, সাধারণ সম্পাদক মিলন খান, রাশেদুল ইসলাম ইরানী, জাহাঙ্গীর প্রমুখ।

ঝিনাইদহে বইয়ের দাবিতে লাল পতাকা মিছিল

ঝিনাইদহে শিক্ষার্থীদের বইয়ের দাবিতে লাল পতাকা মিছিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৭ ফেব্রুয়ারি) শহরের সরকারি বালক উচ্চ বিদ্যালয় থেকে এ মিছিলের আয়োজন করে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।

মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্ত্বরে এসে শেষ করে। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় জেলা বাসদের আহ্বায়ক অ্যাডভোকেট আসাদুজ্জামান আসাদ, জেলা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আহ্বায়ক শারমীন সুলতানা, সরকারি

কেসি কলেজ শাখার আহ্বায়ক নুসরাত জাহান সাথী বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, শিক্ষাবর্ষের দুইমাস পেরিয়ে গেলেও সারাদেশে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের সকল শিক্ষাথীরা এখনো বই পায়নি। এখন দেখা যাচ্ছে বাজারে ওইসব বই বিক্রি করা হচ্ছে। সংশ্লিষ্টরা শিক্ষার্থীদের বই দিতে নানা রকম তালবাহনা করছে। এর মধ্যে আবার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে হঠাৎ করে দীর্ঘ দিনের ছুটি দিয়ে দেওয়া হয়েছে। তাই শিক্ষা নিয়ে এসব তালবাহনা বন্ধ করে অনতিবিলম্বে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়ার দাবি জানিয়েছেন তারা।

মিছিলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের দুই শতাধিক শিক্ষার্থীরা ব্যানার ফেস্টুন নিয়ে স্লোগানে স্লোগানে মুখরিত করে তোলে ঝিনাইদহ শহর।